# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২০২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যখন কোন মহিলা একাকী হবে, তখন জন্য বিধেয় হলো তিনি পুরুষদের কাতারের পিছনে একাকী সালাত আদায় করবেন, সেখান থেকেই তিনি ইমামের অনুসরণ করবেন; সামনে অগ্রসর হওয়া যাবে না

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمَرْأَةَ إِذَا كَانَتْ وَحْدَهَا لَهَا أَنْ تَنْفَرِدَ بِالصَّلَاةِ خَلْفَ صُفُوفِ الرِّجَالِ تَقْتَدِي بِإِمَامِهَا لَا تقدُّمَ لَهَا مِنْ ذَلِكَ الموضع

---

আরবী

2202 - أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ قَالَ: أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ إِسْحَاقَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي طَلْحَةَ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ أَنَّ جَدَّتَهُ ملكية دَعَتْ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِطَعَامٍ صَنَعَتْهُ فَأَكَلَ مِنْهُ ثُمَّ قَالَ: (قُومُوا فَلِأُصَلِّيَ لَكُمْ)
قَالَ أَنَسٌ: فَقُمْتُ إِلَى حَصِيرٍ لِي قَدِ اسْوَدَّ مِنْ طُولِ مَا لُبِسَ فَنَضَحْتُهُ بِمَاءٍ فَقَامَ عَلَيْهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَصَفَفْتُ أَنَا وَالْيَتِيمُ وَرَاءَهُ وَالْعَجُوزُ مِنْ وَرَائِنَا فَصَلَّى لَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَكْعَتَيْنِ ثُمَّ انْصَرَفَ
الراوي : أَنَس | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2202 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (625)

বাংলা

২২০২. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন যে, তার নানী মুলাইকাহ রাদ্বিয়াল্লাহু আনহা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে খাওয়ার দা‘ওয়াত দেন, যে খাবার তিনি তাঁর প্রস্তুত করেছেন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সেখান থেকে কিছু খাবার খান। তারপর তিনি বলেন, “তোমরা দাঁড়াও, যাতে আমি তোমাদের জন্য সালাত আদায় করতে পারি।” আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “আমি আমাদের একটি চাটাই আনতে গেলাম, যা দীর্ঘদিন ব্যবহার করার কারণে কালো হয়ে গিয়েছিল, আমি তাতে পানির ছিটা দেই। তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার উপর দাঁড়ান, আমি এবং আরেকজন ইয়াতিম তাঁর

পিছনে দাঁড়াই, আর বৃদ্ধা (আমার নানী) দাঁড়ান আমাদের পিছনে। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের উদ্দেশ্যে দুই রাকা‘আত সালাত আদায় করেন, তারপর সালাম ফেরান।”[1]

## ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/১৫৩; মুসনাদ ইমাম শাফে‘ঈ: ১/১৩৭; মুসনাদ আহমাদ: ৩/১৩১; সহীহ আল বুখারী: ৩৮০; সহীহ মুসলিম: ৬৫৮; আবূ দাঊদ: ৬১২; তিরমিযী: ২৩৪; নাসাঈ: ২/৮৫; দারেমী: ১/২৯৫; তাহাবী, শারহু মা‘আনিল আসার: ১/৩০৭; সুনান বাইহাকী: ৩/৯৬; হুমাইদী: ১১৯৪; আবূ আওয়ানা: ২/৭৫; বাগাবী, শারহুস সুন্নাহ: ৮২৯; সহীহ ইবনু খুযাইমাহ: ১৫৩৯।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৬২৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91520

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন